

আহা, আজি এ বসন্তে এত ফুল ফুটে,  
এত বাঁশি বাজে, এত পাখি গায় ॥  
সখীর হৃদয় কুসুমকোমল -  
কার অনাদরে আজি ঝরে যায় !  
কেন কাছে আস', কেন মিছে হাস',  
কাজে যে আসিত সে তো আসিতে না চায় ॥  
সুখে আছে যারা সুখে থাক্ তারা,  
সুখের বসন্ত সুখে হোক সারা -  
দুখিনী নারীর নয়নের নীর  
সুখী জনে যেন দেখিতে না পায় ।  
তারা দেখেও দেখে না,  
তারা বুঝেও বুঝে না,  
তারা ফিরেও না চায় ॥

---

Parjaay: Mayar-Khela, Taal: Tritaal

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail